



জেলা পরিষদ
নাটোর।

www.zpnatore.gov.bd

স্মারকনং- ৪৬.০০.৬৯০০.০০১.১১.০০৪.২২- ৭৪০ (৫০)

তারিখঃ ২৯ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০১ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

“ শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি ”

নাটোর জেলা পরিষদ কর্তৃক ২০২৫-২০২৬ অর্থ বছরে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে ২০২৫ সালে এসএসসি এবং এইচএসসি /সমমানের পরীক্ষায় উত্তীর্ণ দরিদ্র ও মেধাবী ছাত্র/ছাত্রীদের নিকট নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জেলা পরিষদের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলী :

- (০১) আবেদনকারীকে ২০২৫ সনে অনুষ্ঠিত এস,এস,সি/এইচ,এস,সি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ সহ উত্তীর্ণ হতে হবে।
- (০২) ডাকযোগে অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অথবা জেলা পরিষদ কার্যালয়ে সরাসরি আবেদন করতে হবে।
- (০৩) অত্রাফিসে সরাসরি/ডাকযোগে/সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ে ২১-১২-২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।
- (০৪) অসচ্ছল পরিবারের মেধাবী ছাত্র/ছাত্রীকে নাটোর জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে।
- (০৫) আবেদনপত্রে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ/মতামত থাকতে হবে।
- (০৬) নাটোর জেলার স্থায়ী বাসিন্দা ও পরিবারের আর্থিক অসচ্ছলতার স্বপক্ষে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ উপজেলা নির্বাহী অফিসার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- (০৭) আবেদনপত্রের সাথে পরীক্ষার মার্কশীট এর সত্যায়িত কপি এবং সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অথবা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- (০৮) অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং এক্ষেত্রে জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(শামীম ভূইয়া)

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, নাটোর।

স্মারক নং- ৪৬.০০.৬৯০০.০০১.১১.০০৪.২২- ৭৪০ (৫০)

তারিখঃ ২৯ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০১ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। জেলা প্রশাসক ও প্রশাসক, জেলা পরিষদ, নাটোর।

অনুলিপিঃ বহুল প্রচারের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ.....(সকল)।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল) নাটোর।
- ৭। জেলা শিক্ষা অফিসার, নাটোর।
- ৮। সম্পাদক, দৈনিক নাটোর। তাঁকে বিজ্ঞপ্তিটি (৪" X ৫") কলামে স্বল্প পরিসরে আগামী ০৯-১১-২০২৫ খ্রিঃ

তারিখের মধ্যে এক দিন মাত্র ছাপিয়ে প্রকাশান্তে পত্রিকার কপি সহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।

০১/১১/২৫

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, নাটোর।